যুগান্তর

তারিখ ... 9 JUL 2017
পৃষ্ঠা ... কলাম ...

জাতীয় বিশ্ববিদ্যালয়

# অনার্স ২য় বর্ষ পরীক্ষার ফল আজ

**গাজীপুর প্রতিনিধি**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত ২০১৬ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষার ফল আজ প্রকাশিত হবে। এ পরীক্ষায় ৩০ বিষয়ে সারা দেশে ৬২১টি কলেজের ২ লাখ ৬৪ হাজার ৯৬৪ শিক্ষার্থী অংশ নেন। প্রকাশিত ফল এসএমএসের মাধ্যমে যে কোনো মোবাইলে বিকাল ৪টা থেকে NU<space>H2<space> Roll লিখে 16222 নম্বরে Send করে এবং বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nu.edu.bd এবং www.nubd.info থেকে জানা যাবে। শনিবার জাতীয় বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর এ তথ্য জানিয়েছে।